গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
সমন্বয় শাখা
বিএসএল অফিস কমপ্লেক্স (ভবন-২), ১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

# বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জাকারিয়া<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২১ জানুয়ারি, ২০২৫ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ তে দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সহকারী পরিচালক জনাব আসমা উল হোসনা কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে জনাব আসমা উল হোসনা আলোচ্যসূচি অনুযায়ী বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| **১. ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়করণ:**<br>সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। কার্যবিবরণীতে কোন আপত্তি বা সংশোধন না থাকায় তা অনুমোদনের বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | সভায় সর্বসম্মতিক্রমে ২০২৪-২০২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়করণ করা হয়। | ফোকাল পয়েন্ট |
| **২. ২০২৪-২০২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা:**<br>সভায় ২০২৪-২০২৫ অর্থবছরের ২য় ত্রৈমাসিকে গৃহীত কার্যক্রমসমূহের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করা হয়। ২য় ত্রৈমাসিকের অগ্রগতি সন্তোষজনক মর্মে উপস্থিত সদস্যরা মতামত ব্যক্ত করেন এবং প্রয়োজনীয় প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক পরবর্তীতে ধার্যকৃত সময়ের মধ্যে ২য় ত্রৈমাসিক অগ্রগতি NIS সফটওয়্যারে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় এবং হার্ডকপিতে এক সেট প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |

| | | |
|---|---|---|
| **৩. কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি:**<br>**৩.০১: ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যথাসময়ে সকল সিদ্ধান্ত যেন শতভাগ বাস্তবায়ন সম্ভবপর হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সদা তৎপর থাকার নির্দেশনা দেওয়া হয়। নৈতিকতা কমিটির ২য় সভায় আউট অব দ্যা বক্স কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | নৈতিকতা কমিটিতে গৃহীত সকল সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| **৩.০২: ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা:**<br>শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর আওতায় ৩য় ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। বিগত অর্থবছরে অনুষ্ঠিত ৪ টি জেলা, পর্যটন এলাকা এবং বিভাগীয় জেলা ব্যতীত অন্যান্য জেলায় অংশীজনের সভা আয়োজনের বিষয়ে চেয়ারম্যান মহোদয় মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সদস্যগণ বরগুনা, কুড়িগ্রাম, ভোলা, ফেনী এদের মধ্য থেকে যে কোন একটি জেলায় আয়োজনের প্রস্তাব করেন। | ৩য় প্রান্তিকের নির্ধারিত সভাটি ভোলা জেলায় আয়োজনের বিষয় অগ্রাধিকারভিত্তি বিবেচনা করতে হবে। | ফোকাল পয়েন্ট |
| **৩.০৩: ১.৪. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন:**<br>সভায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা ৫০ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নিরাপদ খাদ্য অফিসার অথবা নমুনা সংগ্রহ সহকারীদের ৩য় ত্রৈমাসিকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| **৩.০৪: ১.৬ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:**<br>আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | জেলা এবং মেট্রোপলিটন কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৪-২০২৫ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ফিডব্যাক আগামী ২৮-০১-২০২৫ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |
| **৩.০৫: ২.১ ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:**<br>২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের সংশোধিত ক্রয়-পরিকল্পনা আগামী ৩১-০৩-২০২৫ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের সংশোধিত ক্রয়-পরিকল্পনা ৩১-০৩-২০২৫ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| **৩.০৬: ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের):**<br>অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের বিষয়ে (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) সভায় আলোচনা করা হয়। | ২০২৪- ২৫ অর্থবছরে ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিকের মধ্যে বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক ৬০% বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা)<br>ও<br>প্রকল্প পরিচালক |
| **৩.০৭: ২.৩ বাজেট বাস্তবায়ন:**<br>২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট (রাজস্ব ও উন্নয়ন বাজেট) যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৬০% বাজেট বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা) |
| **৩.০৮: ২.৪ প্রকল্পের PIC সভা আয়োজন:**<br>২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২ টি প্রকল্পের ১ টি করে মোট ২টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী মার্চ, ২০২৫ এর মধ্যে ২ টি PIC সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প পরিচালক (JICA-STIRC এবং সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প) |

| | | |
|---|---|---|
| **৩.০৯: ৩.২ হাটবাজারে অনিরাপদ খাদ্য প্রস্তুত ও পরিবেশন প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম (ভিডিও প্রদর্শনী/ প্রচার কার্যক্রম):** উক্ত কার্যক্রমের আওতায় কি কি জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ করা যায় সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দ জনসভা/নাটক/কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম গ্রহণের বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ইতোমধ্যে কার্যক্রমটি বাস্তবায়িত হয়নি এমন ৫টি জেলার ৫টি উপজেলা নির্ধারণ করে উক্ত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (খাদ্য ভোক্তা সচেতনতা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা বিভাগ) |
| **৩.১০: আউট অফ দ্যা বক্স কার্যক্রম:** নৈতিকতা কমিটির ২য় সভায় আউট অব দ্যা বক্স কার্যক্রম হিসেবে ''প্রতিটি জেলার ১টি করে উপজেলার হাই-স্কুলের শিক্ষকদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান'' এর সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে সভাকে অবহিত করা হয়। তদপ্রেক্ষিতে ৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকে পর্যায়ক্রমে প্রতিটি জেলার ১ টি করে উপজেলায় হাই স্কুলের শিক্ষকদের প্রশিক্ষণ বাস্তবায়নের নিমিত্ত নিয়মিত তদারকির বিষয়ে আলোকপাত করা হয়। | নৈতিকতা কমিটির ২য় সভায় আউট অব দ্যা বক্স কার্যক্রম হিসেবে গৃহীত ''প্রতিটি জেলার ১ টি করে উপজেলার হাই-স্কুলের শিক্ষকদের নিরাপদ খাদ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান'' বাস্তবায়ন নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফোকাল পয়েন্ট |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের সুস্বাস্থ্য কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪-০১-২০২৫
জাকারিয়া
চেয়ারম্যান
২২২২২৩৬২৬
chairman@bfsa.gov.bd

**নম্বর:** ১৩.০২.০০০০.৯১১.৫৪.০০১.২১.১৭

তারিখ: ১০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। অতিরিক্ত পরিচালক, (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। প্রকল্প ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ নিরাপদ খাদ্য কতৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৮। প্রকল্প ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), Strengthening the Inspection, Regulatory and Coordinating Function of the Bangladesh Food Safety Authority, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৯। উপপরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১০। উপ পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিশাখা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (কর্তৃপক্ষের ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের জন্য)।
১১। কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের নবম গ্রেডের সকল কর্মকর্তা।

২৪-০১-২০২৫
জাকারিয়া
চেয়ারম্যান